

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ১, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
উপজেলা-১ শাখা।

প্রজ্ঞাপন

তারিখ : ০৩ শ্রাবণ ১৪২৬/১৮ জ্বলাই ২০১৯

নং ৪৬.০৪৬.০২৭.০০.০০.৪৪৪.২০১৪-৫৮৪— যেহেতু, বরগুনা জেলার বামনা উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ সাইতুল ইসলাম লিটু এর বিরুদ্ধে চাঁদা/উৎকোচ গ্রহণ, ঠিকাদার ও প্রকল্প কমিটির নিকট হতে কমিশন গ্রহণ, শিল্পকলা একাডেমির প্রশিক্ষক-শিল্পীদের বেতন ভাতাদির টাকা, বাশ-বেত প্রকল্পের, সেলাই মেশিন বিতরণ প্রকল্পের, গরু-ছাগল বিতরণ প্রকল্পের টাকা, পানিকচু চাষাবাদের জন্য এবং কুকুরে ও সাপে কামড়ানো ভ্যাকসিন বিতরণের জন্য বরাদ্দকৃত টাকা আত্মসাতের অভিযোগসমূহের সত্যতা বিভাগীয় কমিশনার, বরিশাল এর একাধিক তদন্তে সন্দেহাতীত ভাবে প্রমাণিত হয়েছে; এবং

যেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ধারা ১৩(১)(গ) অনুযায়ী ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে একই আইনের ধারা ১৩(২) অনুযায়ী কারণ দর্শানোর পরিপ্রেক্ষিতে তার দাখিলকৃত জবাব ও ব্যক্তিগত শুনানী সন্তোষজনক প্রতীয়মান না হওয়া সত্ত্বেও তার মৌখিক আবেদনের আলোকে একই বিভাগের পরবর্তী বিভাগীয় কমিশনার কর্তৃক উক্ত অভিযোগ পুনরায় তদন্ত করা হয় এবং পুনঃতদন্তে বর্ণিত অভিযোগসমূহ প্রমাণিত হয়েছে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ধারা ১৩(১)(গ) অনুযায়ী তিনি অসদাচরণ, দুর্নীতি বা ক্ষমতার অপব্যবহারের অপরাধে অভিযুক্ত হয়েছেন; এবং

( ২০৪৩৩ )

মূল্য : টাকা ৪.০০

যেহেতু, তার স্বীয়পদে বহাল থাকা উপজেলা পরিষদ বা রাস্ত্রের স্বার্থের হানিকর;

সেহেতু, সরকার জনস্বার্থে তাকে স্বীয় পদ হতে অপসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে;

এমতাবস্থায়, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮[উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ধারা ১৩(২) অনুসারে বরগুনা জেলার বামনা উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ সাইতুল ইসলাম লিটুকে উক্ত উপজেলা পরিষদের চেয়ারম্যান পদ হতে অপসারণ পূর্বক উপজেলা পরিষদের চেয়ারম্যান পদটি শূন্য ঘোষণা করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোহাম্মদ জহিরুল ইসলাম  
উপসচিব।